সম্পাদনা বোর্ড (২০১৭-২০১৮)
দি ইসলামিক ইউনিভার্সিটি স্টাডিজ (পার্ট-এ)
থিওলজি এণ্ড ইসলামিক স্টাডিজ অনুষদ

ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া।

নং: তপ্রজ/ইবি/থইঅ/জার্নাল/ভলি-২০, সংখ্যা-২/২০১৭-১৮ (২)

তারিখ: ২১/৭/২০১৮ ইং।

গবেষণামূলক প্রবন্ধ আহবান

ইসলামী বিশ্ববিদ্যালয়ের থিওলজি এণ্ড ইসলামিক স্টাডিজ অনুষদের "দি ইসলামিক ইউনিভার্সিটি স্টাডিজ' জার্নাল-এর ভলিউম ২০, সংখ্যা-২ এ প্রকাশের জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও গবেষকগণের নিকট থেকে প্রবন্ধ আহবান করা যাচ্ছে। প্রবন্ধ আগামী ২৮/০৮/২০১৮ তারিখের মধ্যে জার্নাল সম্পাদনা বোর্ডের সম্পাকদ দা'ওয়াহ এণ্ড ইসলামিক স্টাডিজ বিভাগের প্রফেসর ড. মুহাম্মদ সোলায়মান-এর নিকট/ তাঁর অফিসে মুখবন্ধ খামে (অফিস চলাকালিন সময়ে) জমা দিতে অনুরোধ করা হলো।

শর্তাবলী:

১. প্রবন্ধ অবশ্যই আল-কুরআন, আল-হাদীস, দা'ওয়াহ ও ইসলামের যে কোন বিষয়ের সাথে সংশিষ্ট হতে হবে এবং প্রবন্ধ সর্বোচ্চ ১৫ পৃষ্ঠার মধ্যে (২০০০ থেকে ৫০০০ শব্দ) সীমিত হতে হবে।

২. প্রবন্ধ বাংলায় Sutonny MJ এবং ইংরেজি ও আরবিতে লিখিত প্রবন্ধ Times New Roman ফন্টে Font Size 14 লাইন স্পেস 1.5, A4 সাইজ কাগজের এক পৃষ্ঠায় Top-1.2, Bottom-1, Left-1.4 ও Right-0.9 মার্জিন ও প্যারাগ্রাফ Before 12, After-6 Justify হিসেবে লিখিত হতে হবে।

৩. একজন গবেষক একটি সংখ্যার জন্য একক/যৌথভাবে ১টি প্রবন্ধ জমা দিতে পারবেন। একই প্রবন্ধে ২ জনের অধিক লেখক থাকবেন না। ইসলামী বিশ্ববিদ্যালয়ের থিওলজি এণ্ড ইসলামিক স্টাডিজ অনুষদভুক্ত শিক্ষক/গবেষকগণ ব্যতীত সকল পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/গবেষকগণ ইবি'র থিওলজি এণ্ড ইসলামিক স্টাডিজ অনুষদভুক্ত বিভাগসমূহের একজন শিক্ষকের সাথে যৌথভাবে প্রবন্ধ জমা দিতে পারবেন।

৪. লিখিত প্রবন্ধের ৩ কপি হার্ড কপি জমা দিতে হবে এবং MS Word এ `RTF' (Rich Text Format) ফরমেটে প্রবন্ধের সফট কপি solaimaniub.tiusv20@gmail.com ঠিকানায় প্রেরণ করতে হবে। প্রবন্ধ চূড়ান্ত অনুমোদনের পর প্রয়োজনীয় সংশোধন/পরিমার্যন শেষে তার সফট কপি উক্ত ই-মেইল ঠিকানায়/ সিডি/ পেনড্রাইভে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে।

৫. জার্নালের মূল বডিতে কোথাও লেখকের নাম, পদবী ও ঠিকানা লেখা যাবে না। প্রবন্ধের কভার পেজে লেখকের নাম, পদবী, ঠিকানা ও মোবাইল নম্বর এবং গবেষকের ক্ষেত্রে রেজিস্ট্রেশন নম্বর, মোবাইল নম্বর ও শিক্ষাবর্ষসহ বিস্তারিত তথ্যাবলী লিখতে হবে।

৬. হেডিং ও টাইটেল: প্রবন্ধের হেডিং ও টাইটেলের Font Size 18 হবে। টাইটেলের নিচে কোন আন্ডারলাইন দেয়া যাবে না এবং টাইটেলে উদ্ধৃতিচিহ্ন ব্যবহার করা যাবে না।

৭. প্রবন্ধের শুরুতে ১০০ থেকে ২০০ শব্দের মধ্যে সারসংক্ষেপ (Abstract) থাকতে হবে। সারসংক্ষেপ কাগজের উভয় পাশে ১ ইঞ্চি ছাড় রাখতে হবে।

৮. তথ্য সংযুক্তি:

ক. প্রবন্ধে তথ্য সংযুক্তির ক্ষেত্রে স্বীকৃত গবেষণা প্রদ্ধতি অনুসরণ করতে হবে। যেমন, পর্যায়ক্রমে লেখকের নাম, *গ্রন্থের নাম* (প্রকাশের স্থান: প্রকাশনা সংস্থা, সংস্করণ ও প্রকাশের সন), খণ্ড ও পৃষ্ঠা নং থাকবে।

খ. প্রবন্ধের ক্ষেত্রে প্রবন্ধকারের নাম, উদ্ধৃতি চিহ্নের মধ্যে 'প্রবন্ধের শিরোনাম' জার্নাল বা গ্রন্থের নাম (*ইটালিক*), ভলিউম নম্বর, খণ্ড, প্রকাশের তারিখ ও পৃষ্ঠ নম্বর সুস্পষ্টভাবে সংযুক্ত করতে হবে।

গ. ইন্টারনেট থেকে তথ্য সংযুক্তির ক্ষেত্রে ওয়েবসাইটের ঠিকানা ও সংশ্লিষ্ট তথ্যাদি সুস্পষ্টভাবে সংযুক্ত করতে হবে।

৯. প্রবন্ধ এম.ফিল অথবা পিএইচ.ডি. থিসিসের অংশ হতে পারবে না এবং অন্য কোথাও প্রকাশিত হয়ে থাকলে তা জমা দেয়া যাবে না।

১০. জার্নাল প্রকাশিত হলে লেখক/লেখকগণ এক কপি করে জার্নাল সৌজন্য হিসেবে পাবেন।

১১. জার্নালে প্রকাশের জন্য জমাকৃত প্রবন্ধ ফেরত দেয়া হবে না।

১২. জার্নালে প্রবন্ধ প্রকাশের বিষয়ে সম্পাদনা বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

ধন্যবাদান্তে

২১/৭/১৮

(প্রফেসর ড. মুহাম্মদ সোলায়মান)
সম্পাদক
সম্পাদনা বোর্ড (২০১৭-২০১৮)
দি ইসলামিক ইউনিভার্সিটি স্টাডিজ (পার্ট-এ)
থিওলজি এণ্ড ইসলামিক স্টাডিজ অনুষদ
ও
প্রফেসর দা'ওয়াহ এণ্ড ইসলামিক স্টাডিজ বিভাগ
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া
মোবাইল নং: ০১৭১১২৮২৯৭৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যে অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

নংঃ তপ্রজ/ইবি/ধইঅ/জার্নাল/ভলি-২০,সংখ্যা-২/২০১৭-২০১৮(৪৫) তারিখ ঃ- ২১/০৭/২০১৮ ইং

১. প্রফেসর ড. মুহাম্মদ সোলায়মান, দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ ও সম্পাদক, সম্পাদনা বোর্ড, দি ইসলামিক ইউনির্ভাসিটি স্টাডিজ, থিওলজি এন্ড ইসলামিক স্টাডিজ অনুষদ, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।

২. ডিন,
থিওলজি এন্ড ইসলামিক স্টাডিজ অনুষদ, মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদ, আইন ও শরীয়াহ্ অনুষদ, ব্যবসায় প্রশাসন অনুষদ, ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদ, ইবি।

৩. সভাপতি,
আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ, দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ, আল-হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ, অর্থনীতি বিভাগ, আরবী ভাষা ও সাহিত্য বিভাগ, বাংলা বিভাগ, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, ইংরেজি বিভাগ, লোক প্রশাসন বিভাগ, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ফোকলোর স্টাডিজ বিভাগ, সোস্যাল ওয়েলফেয়ার বিভাগ, ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগ, আইন বিভাগ,আল-ফিক্হ এন্ড লিগ্যাল স্টাডিজ বিভাগ, ল এন্ড ল্যান্ড ম্যানেজম্যান্ট বিভাগ, হিসাববিজ্ঞান ও তথ্যপদ্ধতি বিভাগ, ব্যবস্থাপনা বিভাগ, ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ, মার্কেটিং বিভাগ, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগ, ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগ, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, ফলিত পুষ্টি ও খাদ্য প্রযুক্তি বিভাগ, গণিত বিভাগ, পরিসংখ্যান বিভাগ, এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড জিওগ্রাফি বিভাগ, বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ, ফার্মেসি বিভাগ , ইবি।

৪. নোটিশ বোর্ড, ডিন অফিস, থিওলজি এন্ড ইসলামিক স্টাডিজ অনুষদ, ইবি।
৫. পরিচালক, কম্পিউটার সেন্টার, ইবি (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬. ডিন অফিসের নথি।
৭. সংশ্লিষ্ট নথি।

২১/০৭/২০১৮

(মোঃ আব্দুল মোত্তালেব)
সদস্য-সচিব
জার্নাল সম্পাদনা বোর্ড(২০১৭-২০১৮)
থিওলজি এন্ড ইসলামিক স্টাডিজ অনুষদ
ও
উপ-রেজিস্ট্রার
তথ্য, প্রকাশনা ও জনসংযোগ অফিস, ইবি